

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৯২

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৪

রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে
ছত্রিশগড়ের সাংবাদিকদের প্রতিনিধিদল



ত্রিপুরার মানুষ শান্তিপ্রিয়। এখানকার পরিবেশ খুবই মনোরম। এই রাজ্যের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির সঙ্গে পরিচিত হতে বিভিন্ন জায়গা ঘুরে দেখতে হবে। আজ রাজভবনে ছত্রিশগড় থেকে আসা সাংবাদিকদের এক প্রতিনিধিদলের সঙ্গে আলোচনার সময় একথা বলেন রাজ্যপাল ইন্দুসেনা রেডিও নাল্লু। প্রেস ইনফরমেশন ব্যূরুর উদ্যোগে ছত্রিশগড়ের কয়েকজন সাংবাদিক ত্রিপুরা সফরে এসেছেন। আজ তারা রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে সৌজন্য সাক্ষাতকারে মিলিত হন। এই উদ্যোগের জন্য রাজ্যপাল পিআইবি'র কর্তৃপক্ষকে অভিনন্দন জানান। আলোচনাকালে সাংবাদিকগণ গত কয়েক বছরে এই রাজ্যে উন্নয়নমূলক কাজের প্রশংসা করেন। আজ রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
